শাপলা প্রতীক বাতিল গ্রহণযোগ্য নয়: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম: সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর আহ্বায়ক নাহিদ ইসলাম নির্বাচন কমিশনের (ইসি) শাপলা প্রতীক বাতিলের সিদ্ধান্তকে ‘গ্রহণযোগ্য নয়’ বলে আখ্যায়িত করেছেন। একই সঙ্গে তিনি ইসির নিরপেক্ষতা নিয়েও প্রশ্ন তোলেন।

বুধবার (৯ জুলাই) ঝিনাইদহে জুলাই গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি এবং ‘দেশ গড়ার নতুন প্রত্যয়’ শীর্ষক পদযাত্রা শেষে এক সমাবেশে তিনি এসব কথা বলেন।

নাহিদ ইসলাম বলেন, “নির্বাচন নিয়ে সরকারের যে তড়িঘড়ি, সেই তুলনায় বিচার বা সংস্কারের প্রশ্নে তাদের কোনো স্পষ্ট অবস্থান নেই। জুলাই সনদ ও ঘোষণাপত্র নিয়েও কার্যকর উদ্যোগ চোখে পড়ছে না।”

তিনি অভিযোগ করেন, সরকার যেন কেবল নির্বাচনের দিকে দৃষ্টি দিচ্ছে, অথচ ঘোষণাপত্রে যে বিচার ও সংস্কারের অঙ্গীকার ছিল, তা উপেক্ষিত। “আমরা আগেও বলেছি—কোনো রাজনৈতিক দলের চাপে এমন সিদ্ধান্ত নেওয়া উচিত নয়, যাতে গণঅভ্যুত্থানের চেতনাকে প্রতারণা করা হয়,” বলেন নাহিদ ইসলাম।

এর আগে বিকেলে চুয়াডাঙ্গা সফর শেষে ঝিনাইদহে পৌঁছান এনসিপি’র কেন্দ্রীয় নেতারা। জেলা পানি উন্নয়ন বোর্ড চত্বর থেকে পদযাত্রা শুরু করেন তারা। সন্ধ্যায় শহরের পায়রা চত্বরে আয়োজিত সমাবেশে বিপুলসংখ্যক জনতা উপস্থিত ছিলেন। এনসিপি নেতাদের অভ্যর্থনা জানাতে জনতাকে হাত নাড়াতে দেখা যায়।